গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৩৭১৮ তারিখঃ২৮ জুলাই ২০১৭

**বিষয় ঃ ১৫৫ তম কমিশন সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫৫ তম কমিশন সভা ২৬ জুলাই, ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের সদস্য রহমান মুরশেদ সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫৫/১ | **আলোচ্য বিষয়:** ১৫৪তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত :** ১৫৪তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫৫/২ | **আলোচ্য বিষয়:** ১৫৪তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্ত:** ১৫৪তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৫৫/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৮(আট) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৮(আট) প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৯৭১.৬ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেলভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br>১. সুসুকা নীট লিমিটেড [ইউসুফ মার্কেট, ইয়ারপুর, আশুলিয়া, ঢাকা] এর অনুকূলে ২৫৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>২. সাজু টেক্স লিমিটেড-২ [দুসাইদ, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৮৮৫.৬ কি:ও: [২২০ + ১৮৫.৬ + ৪৮০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৩. ফার্মাসিল লিমিটেড [বি-৩৪, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ] এর অনুকূলে ৫৬৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৪. এআরসি এন্টারপ্রাইজ [১০৫, ১০৬, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৩৬০ কি:ও: [৩২০ + ৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৫. বেজ ফ্যাশনস লিমিটেড [৬২, সাতাইশ রোড, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৩২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৬. জায়ানটেক্স লিমিটেড [৯৩, সাতাইশ রোড, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ১৩২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৭. মেরিমো লিমিটেড [প্লট নং: ২৫-২৬, সেক্টর: ০৬, সিইপিজেড, চট্টগ্রাম] এর অনুকূলে ৩৩০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৮. প্যারাগন ড্রেস লিমিটেড [১৮৮/১, দক্ষিণ সালনা, গাজীপুর] এর অনুকূলে ১২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৫৫/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৪(চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৪ (চার) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৪০৬.৬ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. এস. এফ, ফ্যাশন ওয়্যারস লিমিটেড [নয়াবাড়ি, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৫৬৭ কি:ও: [৩২৭ + ২৪০] এর পরিবর্তে ৭২০ কি:ও: [৩৬০ + ৩৬০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ২/১২/২০১৬ হতে ১/১২/২০১৯;<br><br>২. আলেয়া এমব্রয়ডারী [৮০৮, ইকবাল ভবন, ধউর, নিশাতনগর, তুরাগ, ঢাকা-১২৩০] এর অনুকূলে ১৭.৬ কি:ও: হতে ৫৩ কি:ও: বৃদ্ধিপূর্বক ৭০.৬ কি:ও: [১৭.৬ + ৫৩] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা, মেয়াদ: ১/৩/২০১৭ হতে ২৮/২/২০২০;<br><br>৩. এএমএস ইন্টারন্যাশনাল (সোয়েটারস) লিমিটেড [৩৪, চয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪] এর অনুকূলে ৩৪০ কি:ও: [১২০ + ২২০] এর পরিবর্তে ২৬৪ কি:ও: [১২০ + ১৪৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২০/২/২০১৭ হতে ১৯/২/২০২০;<br><br>৪. বাখরাবাদ নীটিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড [প্লট নং: ৭০২, জাঝর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর] এর অনুকূলে ২৪৮ কি:ও: [১৬০ + ৮৮] এর পরিবর্তে ৩৫২ কি:ও: [৮৮+ ২৬৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৮/২/২০১৭ হতে ১৭/২/২০২০। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৫/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সাময়িক লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২.৬৩৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন করা হয়:<br>১. এম. এস. ডাইং, প্রিন্টিং এন্ড ফিনিশিং লিমিটেড, প্লটঃ বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, এনায়েত নগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ বি-২৩৭-২৫২, বি-২৬০-২৭৩, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, এনায়েত নগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ২.৬৩৫ মেগাওয়াট [ ১০৩০ কি.ও. (গ্যাস) + ১৬০৫ কি.ও. (গ্যাস)]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৫৫/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ০১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১০.১৮৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স অনুমোদন করা হয়।<br>১. মাহমুদ ডেনিমস লিমিটেড, শফিপুর, কালিয়াকৈর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ শফিপুর, কালিয়াকৈর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১০.১৮৬ মেগাওয়াট [১০৩০ কিঃওঃ (গ্যাস) x ৬ + ১৯৫০ কি.ও. (গ্যাস) x ১ +৫২০ কি.ও. (ডিজেল) x ২ + ৫০৮ কি.ও. (ডিজেল) x ২ ] | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৫৫/৭ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এর জন্য কাস্টমস্ কর্তৃপক্ষ হতে মালামাল খালাসকরণার্থে ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে শর্তসাপেক্ষে ৩(তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদানের ভুতাপেক্ষ ও ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে শর্তসাপেক্ষে ৩(তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্সের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এর জন্য কাস্টমস্ কর্তৃপক্ষ হতে মালামাল খালাসকরণার্থে নিম্নবর্ণিত মুনষ্টার পলিমার এক্সপোর্ট লিমিটেড [নওয়াপাড়া, ফকিরহাট, বাগেরহাট] এর অনুকূলে শর্তসাপেক্ষে ৩(তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদানের ভুতাপেক্ষ ও ইউনিমেড এন্ড ইউনিহেলথ ম্যানুফ্যাকচারাস লিঃ [বাড়ি নং-৪৬, শেখ কামাল সরণি, রোড-১৬, র‍্যাংগস নাসিম স্কয়ার (৭ম ও ৮ম তলা), ধানমন্ডি, ঢাকা।] এর অনুকূলে শর্তসাপেক্ষে ৩(তিন) মাস মেয়াদে সাময়িক লাইসেন্সের অনুমোদন প্রদান করা হয়: | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ১) মুনষ্টার পলিমার এক্সপোর্ট লিমিটেড [নওয়াপাড়া, ফকিরহাট, বাগেরহাট]<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: মংলা ইপিজেড, প্লট নং-২৬,২৭,২৮, মংলা, বাগেরহাট;<br>বার্ষিক চাহিদা: প্যারাফিন ওয়াক্সঃ ১০০ মেঃটন, থিনার পিভিসি: ১৬.১৭ মেঃটন ও ইথাইল এসিটেট: ১৭.৬৪ মেঃ টন;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৬০,০০০ (ষাট হাজার) টাকা;<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ৩(তিন) মাস।<br><br>২) ইউনিমেড এন্ড ইউনিহেলথ ম্যানুফ্যাকচারাস লিঃ, বাড়ি নং-৪৬, শেখ কামাল সরণি, রোড-১৬, র‍্যাংগস নাসিম স্কয়ার (৭ম ও ৮ম তলা), ধানমন্ডি, ঢাকা;<br>প্রকার: মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা: বিশুইয়া কুরি বাড়ি, পোঃ মির্জাপুর, থানাঃ গাজীপুর সদর, গাজীপুর;<br>বার্ষিক চাহিদা: হোয়াইট সফট প্যারাফিনঃ ৭,০০০ কেজি;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১৫,০০০ (পনের হাজার) টাকা;<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ০৩(তিন) মাস। | |
| সিএম/১৫৫/৮ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন করা হয়:<br><br>১। আরমর বাংলাদেশ লিঃ, হাউজ # ৭৭/এ, রোড # ১৪, ব্লক-বি, বনানী আ/এ, ঢাকা-১২১৩;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: মৌজাঃ বাসিত, আশুলিয়া, সাভার, ঢাকা ;<br>চাহিদাঃ Engine Oil (20W40/50, 15W40, 10W40, 5W40): 2,32,000 Liters, Gear Oil (SAE 140, 80W90, 85W140): 80,000 Liters & ATF (DEX-III): 4,000 Liters, Hydraulic Oil (VG 68/100): 24,000 Litres, Sewing Machine Oil (VG 22/32/46): 72,000 Litres, Compressor Oil & Chain Oil: 20,000 Litres পরিমাণ পূণবিণ্যাস;<br>মেয়াদঃ ১৪/১১/২০১৬ হতে ১৩/১১/২০১৭ পর্যন্ত;<br>সংশোধন ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৫৫/ বিবিধ | ১৫১তম কমিশন সভার কার্যবিবরণীর ক্রমিক সিএম ১৫১/৩ এর ৬ নম্বর প্রতিষ্ঠানের নাম ডেনিম প্রসেসিং লিমিটেড এর পরিবর্তে ডেনিম প্রসেসিং প্লান্ট লিমিটেড সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়। যার বিস্তারিত নিম্নরূপ:<br>১. ডেনিম প্রসেসিং প্লান্ট লিমিটেড [বেলাশহর, চান্দিনা, কুমিল্লা] এর অনুকূলে ৪৮৮ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট, জমাকৃত ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা] ক্ষমতাসম্পন্ন জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়। | |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | |
|---|---|---|
| 26/09/2017 | 26/9/17 | 26/09/2017 |
| (মো: মিজানুর রহমান) | (মোঃ আবদুল আজিজ খান) | (রহমান মুরশেদ) |
| সদস্য | সদস্য | সদস্য |

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৩৭১৮ তারিখঃ ২৬ জুলাই, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা [মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য]।
৪। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা [মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য]।

আখন্দ
২৬/০৭/২০১৭
(একেএম মনোয়ার হোসেন আখন্দ)
পরিচালক (গ্যাস)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)